

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD



শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-১২৭

তারিখঃ ২৮-০৬-১৪৩৩বঃ
১৩-১০-২০২৬ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে “বরখাস্ত” (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব এ.কিউ.এম. জহুরুলজামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর-এর অনুকূলে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০১.২৫.০৬১.১৬.৩৬৩; তারিখ: ০৬/০৭/২০২৩ খ্রি. মোতাবেক ০১/০৮/২০২৩ খ্রি. হতে ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত যুক্তরাষ্ট্রের Kansas State University-এ MS in Civil Engineering কোর্সে অধ্যয়নের নিমিত্ত প্রেরণ (Deputation) মঞ্জুর করা হয়। পরবর্তীতে আপনি প্রেরণের মেয়াদ আরও ০৩ (তিন) মাস বৃদ্ধির জন্য আবেদন করেন। উক্ত আবেদনটি মঞ্জুরের সুপারিশসহ পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় হতে কোনো অনুমোদন/সিদ্ধান্ত পাওয়া যায়নি। উপরন্তু, আবেদনকৃত বর্ধিত মেয়াদও ইতোমধ্যে অতিবাহিত হয়েছে। অতএব, আপনার অনুকূলে মঞ্জুরকৃত প্রেরণের মেয়াদ ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখে সমাপ্ত হওয়ায় পরবর্তী কর্মদিবস ০১/০৬/২০২৫ খ্রি. তারিখে বোর্ডে যোগদান করার কথা থাকলেও আপনি নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করেননি এবং অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-২৫৮; তারিখ: ২৩/১১/২০২৫ খ্রি. মোতাবেক অভিযোগনামা প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত জবাব দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে আপনি কোনো লিখিত জবাব দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে, আপনার বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্তের লক্ষ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও অন্যান্য সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায়, আপনার প্রেরণের মেয়াদ বৃদ্ধির আবেদন যথাসময়ে বোর্ডে দাখিল করা হয়নি এবং পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরণের মেয়াদ বৃদ্ধির আবেদন অনুমোদিত হয়নি। তা সত্ত্বেও আপনি প্রেরণের মেয়াদ শেষ হওয়ার পর বোর্ডের কাজে যোগদান করেননি এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তদন্ত কর্মকর্তা আরও উল্লেখ করেন যে, আপনি বর্তমানে বিদেশে অবস্থান করছেন এবং মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবর একটি ইন্তফাপত্র প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়।

৩। উল্লেখ্য, আপনি মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবর একটি ইন্তফাপত্র প্রেরণ করেছেন বলে তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে। কিন্তু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৬৭(৩)-এ উল্লেখ রয়েছে যে, কোনো কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ করা হইলে, তিনি বোর্ডের চাকরি হইতে ইন্তফাদান করিতে পারিবেন না।

৪। আপনার অনুকূলে মঞ্জুরকৃত প্রেরণের মেয়াদ ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখে সমাপ্ত হওয়ার পর ০১/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে আপনি বোর্ডের নির্ধারিত কর্মস্থলে যোগদান করেননি। আপনার প্রেরণের মেয়াদ বৃদ্ধির আবেদন অনুমোদিত না হওয়ায় উক্ত তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার পক্ষে কোনো অনুমোদিত প্রেরণাদেশ বিদ্যমান নেই। ফলে আপনার এ ধরনের অনুপস্থিতি অননুমোদিত হিসেবে বিবেচিত। তদন্ত প্রতিবেদনে আরও উল্লেখ রয়েছে যে, মার্চ ২০২০ হতে মে ২০২৫ পর্যন্ত আপনাকে বোর্ড হতে বেতন-ভাতা প্রদান করা হয়েছে; তবে বর্তমানে আপনাকে কোনো বেতন-ভাতা প্রদান করা হচ্ছে না।

৫। বর্ণিত প্রেক্ষাপটে, আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৪৮(খ) ও ৪৮(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়ন-এর অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। এ পরিপ্রেক্ষিতে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার বিরুদ্ধে ০১/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকরি হতে ‘বরখাস্ত’ (Dismissal from Service) দণ্ড আরোপের অবতারণা হয়েছে।

অঃপঃ

৬। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৫২(৫) অনুযায়ী তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্তকরতঃ এবং একই প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) অনুযায়ী আপনার উপর প্রস্তাবিত 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড কেন আরোপ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর লিখিত জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৭। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।


১৬.১০.২০২১
(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৮০২২৫০০১

প্রাপকঃ

- ১। জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
- ২। জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, পিতা- মোঃ রবিউজ্জামান, রূপায়ন খান টাওয়ার, ৫১ পূর্ব হাজিপাড়া, মালিবাগ, ঢাকা-১২১৯।
- ৩। জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, পিতা- মোঃ রবিউজ্জামান, গ্রাম-বরশিবাড়িয়া, ডাকঘর-বারাদী বাজার, উপজেলা- মেহেরপুর সদর, জেলা-মেহেরপুর।

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ✓ ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ২৪৫৮
সিস্টেম এনালিস্ট
মেয়ামার ১/১
সংস্করণ নং ১/১/৩/৮
নোটিশপ্রাপ্ত প্রকৌশলী
হিসাব পরিচালক
অফিস নং ১০১ কাম-কম্পিউটার
ইম্প্রুভমেন্ট
ডায়েরী নং ২৪১০১২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।